

N-13/ODD/BNGP-101/004
TDC Odd Semester Examination, 2013

BENGALI

(Pass)

(1st Semester)

Course No. : BNGP-101

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) এবং ভাষা]

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্স্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

১। বাংলা সাহিত্যের আদি-মধ্যযুগের একমাত্র সাহিত্যিক নিদর্শন কী? গ্রন্থটিতে কয়টি খণ্ড বা অধ্যায় রয়েছে? শেষ খণ্ডটির নাম কী? কত খ্রীস্টাব্দে এটি গ্রন্থাকারে প্রকাশিত হয়? বাংলা সাহিত্যের ইতিহাসে গ্রন্থটির গুরুত্ব পর্যালোচনা করো।

১+১+১+১+১০=১৪

অথবা

২। ‘মনসামঙ্গল’ কাব্যধারার আদি কবি কে? প্রাক্চৈতন্যযুগের ‘মনসামঙ্গল’ কাব্যধারার তিনজন কবির নাম লেখো। ‘মনসামঙ্গল’ কাব্য রচনায় কবি বিজয়গুপ্তের কৃতিত্ব আলোচনা করো।

১+৩+১০=১৪

৩। জীবনী সাহিত্য কী? চৈতন্যদেবের জীবনকে কেন্দ্র করে রচিত দুইটি জীবনী সাহিত্যের নাম লেখো। “চৈতন্য জীবনীরূপেই বিশেষভাবে খ্যাত হলেও কৃষ্ণদাস গোস্বামীকৃত চৈতন্যচরিতামৃত বৈষ্ণবতত্ত্ব বিশ্লেষণে সমধিক সার্থকতা অর্জন করেছে।” উক্তিটির সত্যতা নিরূপণ করো।

২+২+১০=১৪

অথবা

৪। বাংলা সাহিত্যে ‘রামায়ণ’-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর জন্মস্থান কোথায়? কবির পিতার নাম কী? তাঁর রচিত গ্রন্থ কী নামে খ্যাত? বাংলা সাহিত্যের ইতিহাসে এই কাব্যটির গুরুত্ব পর্যালোচনা করো।

১+১+১+১+১০=১৪

৫। শব্দার্থ পরিবর্তনের ধারা কয়টি ও কী কী? উদাহরণসহ যে কোনো একটি ধারা বিস্তৃতভাবে আলোচনা করো।

২+২+১০=১৪

অথবা

৬। বাংলা ভাষার আদিস্তরের সময়সীমা নির্দেশ করো। আদিযুগের সাহিত্যিক নিদর্শনটির নাম কী? আদিবাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

২+২+১০=১৪

৭। সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো দুটি) :

৪X২=৮

(ক) চর্যাপদ

(খ) অভয়ামঙ্গল

(গ) কাশীরাম দাস

(ঘ) তৎসম শব্দ

(ঙ) কৃতঋণ শব্দ

14J-6800/243

N-13/ODD/BNGP-101/004